১। অমপ (পূর্ব/পশ্চিম/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/অনি)
★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উপদেষ্টার দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

নদ-নদীর প্রকৃত সংখ্যা নির্ধারণ, নদীকে অবৈধ দখল ও দূষণমুক্তকরণ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দায়েরকৃত
রিট পিটিশন নম্বর - ৮৫৩৯/২০২১ এর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ভার্চুয়াল সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা রিজওয়ানা হাসান, উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় |
| সম্মানিত অতিথি | : | ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেন, উপদেষ্টা, নৌপরিবহন মন্ত্রণালয় |
| সঞ্চালক | : | নাজমুল আহসান, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ৪ সেপ্টেম্বর ২০২৪, সন্ধ্যা ৭.০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

বাংলাদেশের নদ-নদীর প্রকৃত সংখ্যা নির্ধারণ, নদীকে অবৈধ দখল ও দূষণমুক্তকরণ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিভিন্ন নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ভার্চুয়াল সভার সভাপতি সৈয়দা রিজওয়ানা হাসান, উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় সকলকে সভায় স্বাগত জানান। সভাপতি বলেন, নদী একটি জীবন্ত স্বত্তা। কিন্তু বাংলাদেশে অতিমাত্রায় দূষণ ও অবৈধ দখলের কারণে নদী জীবন্ত স্বত্তা হারাচ্ছে। তিনি প্রাণ বৈচিত্রে ভরপুর প্রবাহমান নদী ফিরিয়ে আনার প্রত্যয় নিয়ে সবাইকে কাজ করার আহবান জানান। অতপরঃ, সভাপতি সভার সঞ্চালক জনাব নাজমুল আহসান, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়কে সভা পরিচালনার অনুরোধ জানান।

২। সভায় সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; সচিব, ভূমি মন্ত্রণালয়; মহাপরিচালক, ভুমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর; মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর; মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এবং চেয়ারম্যান, নদী রক্ষা কমিশন; সচিব, নদী রক্ষা কমিশন এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ পর্যায়ক্রমে তাঁদের অধিক্ষেত্রের সমস্যাসমূহ ও আগামীর কর্মপরিকল্পনা তুলে ধরেন। এ সময় তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। এছাড়া, ৮জন বিভাগীয় কমিশনার স্বীয় অধিক্ষেত্রের নদীসমূহ অবৈধ দখল ও দূষণমুক্ত করার কর্মপরিকল্পনা তাঁদের বক্তব্যে উপস্থাপন করেন।

৩। ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেন, মাননীয় উপদেষ্টা নৌপরিবহন মন্ত্রণালয় বলেন, বাংলাদেশের দক্ষিণাঞ্চলের নদীসমূহের দূষণের মাত্রা অনেক কম, তবে সর্বত্র দখলের চিত্র সুস্পষ্ট। নৌ চলাচলের স্বার্থে শুধুমাত্র নাব্যতা বজায় রাখার লক্ষ্যে ড্রেজিং করা যেতে পারে। এছাড়া, যত্রতত্র বালু মহাল ঘোষণা করার প্রবণতা পরিহার করতে হবে। একই সাথে নদীতে সুয়ারেজ বর্জ্য নিক্ষেপ বন্ধে কার্যকর ব্যবস্থা নেয়া প্রয়োজন। পরিশেষে, তিনি নদীকে অবৈধ দখল ও দূষণমুক্ত করার বিষয়ে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস ব্যক্ত করেন।

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
ডাইরি নং: ২৯২১ তারিখ: ১২/৯/২৪
অতিঃ প্রঃ প্রকৌঃ প্রযাসউ/তত্ত্বাঃ প্রকৌঃ মাসউ/পরিচালক, বোর্ড/কপ/সওবা/শৃংখলা/প্রশিক্ষণ/কল্যাণ/ভূমি ও রাজস্ব/নিরাপত্তা/জনসংযোগ/উপ-পরিঃ (প্রশাসন)/উপ-পরিঃ (আইন)
জরুরী/অতি জরুরী/আলাপ করুন/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/নথিতে পেশ করুন। নথিতে রাখুন
পিএ
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)



বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
উপ-সচিব (বোর্ড/প্রশাসন/অর্থ) | * বিধি মোতাবেক ব্যবস্থা নিন/নথিতে রাখুন।
উপ-সচিব (পূর্ব রিঃ/পশ্চিম রিঃ/পরিকল্পনা) | * জরুরী/অতি জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন।
* পরীক্ষান্তে মতামত/প্রস্তাবসহ পেশ করুন।
উপ-পরি (আইন বিষয়ক) | * আলোচনা করুন/তাগিদপত্র দিন।
উপ-পরি (বোর্ড) | * পিএ সংশ্লিষ্ট নথিতে রাখুন।
* ই-নথিতে পেশ করুন।
ডায়রী নং ৩৫২৮
তারিখ ১২/৯/২৪
পরিচালক (বোর্ড)

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | নির্দেশনা/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. ২ (দুই) মাসের মধ্যে নদ-নদীর তালিকা চূড়ান্তকরণ | আগামী ২ (দুই) মাসের মধ্যে নদীর সংখ্যা চূড়ান্ত করার লক্ষ্যে বিভাগীয় কমিশনারগণ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নদী রক্ষা কমিশন এবং জেলা প্রশাসকগণ যৌথভাবে সংশ্লিষ্ট সকলকে সাথে নিয়ে নদ-নদীর তালিকা প্রণয়ন করে ওয়েব সাইটে প্রকাশ করবেন এবং এ সংক্রান্ত আপত্তি গ্রহণপূর্বক প্রযোজ্যক্ষেত্রে শুনানী গ্রহণ করে দেশের নদ-নদীর প্রকৃত তালিকা প্রস্তুত করতে হবে। | নদী রক্ষা কমিশন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পানি উন্নয়ন বোর্ড, বিআইডব্লিওটিএ |
| ২. নদীর দূষণ ও অবৈধ দখল উচ্ছেদ কর্মপরিকল্পনা ও নদী দূষণমুক্ত করার কর্মপরিকল্পনা আগামী ২ (দুই) মাসের মধ্যে প্রণয়ন এবং সকল নদীর জন্য 'হেলথ কার্ড' প্রস্তুতকরণ | আদালতের আদেশ অনুসারে দেশের সকল নদ-নদীর অবৈধ দখল উচ্ছেদ করার লক্ষ্যে সাশ্রয়ী বাজেটসহ সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে। পরবর্তীতে সমন্বিত অভিযানের মাধ্যমে নদীগুলোকে দখল ও দূষণমুক্ত করতে হবে। একই সাথে পরিবেশ অধিদপ্তর আগামী ২ (দুই) মাসের মধ্যে দেশের দূষণযুক্ত নদীগুলোর তালিকা প্রণয়ন করবে, দূষণের উৎস চিহ্নিত করবে এবং সকল নদীর জন্য 'হেলথ কার্ড' প্রস্তুত করবে, যা নদীর প্রাণ সত্তার পরিচয় প্রদান করবে। | নদী রক্ষা কমিশন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, বিআইডব্লিওটিএ, পানি উন্নয়ন বোর্ড পরিবেশ অধিদপ্তর |
| ৩. জেলাভিত্তিক নদী দখল ও দূষণমুক্তকরণ কর্মপরিকল্পনা | আগামী ২(দুই) মাসের মধ্যে প্রত্যেক জেলায় ১টি করে সারাদেশে মোট ৬৪টি নদীকে দূষণ ও অবৈধ দখল হতে মুক্ত করার জন্য নির্ধারণ করতে হবে এবং এ লক্ষ্যে কর্মপরিকল্পনা, সম্ভাব্য বাজেট, লজিস্টিকসহ তালিকা প্রেরণ করতে হবে। | নদী রক্ষা কমিশন, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও পরিবেশ অধিদপ্তর |
| ৪. অংশীজন সম্পৃক্তকরণ | নদী দূষণ ও অবৈধ দখলমুক্ত করার বর্ণিত কার্যক্রম টেকসই, দৃশ্যমান করার লক্ষ্যে নদী দখল ও দূষণমুক্তকরণের পরিকল্পনা চূড়ান্তকরণ ও অভিযান পরিচালনার সময় এবং ভবিষ্যতে নদীগুলোকে দখল ও দূষণমুক্ত রাখার লক্ষ্যে সরকারের পাশাপাশি এলাকাবাসী, তরুণ প্রজন্ম, সামাজিক সংগঠন ও এনজিওকে সম্পৃক্ত করতে হবে এবং তাদেরকে পর্যবেক্ষণের দায়িত্ব দিতে হবে। | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক |
| ৫. 'ঢাকা সার্কুলার নৌপথ' প্রস্তাবনার সম্ভাব্যতা | ঢাকা সার্কুলার নৌ-পথের প্রস্তাবনার সর্বশেষ অবস্থা পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কে অবহিত করতে হবে; এছাড়া ঐ প্রস্তাবনার সম্ভাব্যতার বিষয়ে বিশেষজ্ঞদের সাথে মতবিনিময় করতে হবে। | বিআইডব্লিউটিএ |
| ৬. প্লাস্টিক দূষণ আক্রান্ত নদীর তালিকা প্রণয়ন | পরিবেশ অধিদপ্তর প্লাস্টিক দূষণমুক্ত করার লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে নদীর তালিকা প্রণয়ন করবে। | পরিবেশ অধিদপ্তর |
| ৭. নদী রক্ষা কমিশন আইন সংশোধন | আদালতের নির্দেশনামতে নদী রক্ষা কমিশন আইন সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে, এ লক্ষ্যে একটি কমিটি গঠন করতে হবে। | নদী রক্ষা কমিশন, পানি সম্পদ মন্ত্রণালয় এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| ৮. নদী খনন প্রকল্পের তালিকা প্রণয়ন ও প্রভাব পর্যালোচনা | ব্যয়সহ, চলমান ও বাস্তবায়িত নদী খনন প্রকল্পসমূহের পূর্নাঙ্গ তালিকা প্রণয়ন করতে হবে এবং খননকার্যের প্রভাব সংক্রান্ত মতামত প্রদান করতে হবে। | বিআইডব্লিওটিএ, পানি উন্নয়ন বোর্ড |
| ৯. অফিস পর্যায়ে প্লাস্টিক ব্যবহার হ্রাসকরণ | সকল অফিসে সরকারি প্রজ্ঞাপন (সংযুক্ত) অনুসরণ করে একবার ব্যবহার্য প্লাস্টিকের পণ্য ব্যবহার বন্ধ করতে হবে। | পরিবেশ অধিদপ্তর |

৫। পরিশেষে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।

সৈয়দা রিজওয়ানা হাসান ১০.৯.২৪
সৈয়দা রিজওয়ানা হাসান
উপদেষ্টা
পানি সম্পদ মন্ত্রণালয়

স্মারক নম্বর ৪২.০০.০০০০.০০২.৯৯.০০১.২৪.৮২৭

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১
১০ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি, জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ।
৩। বিভাগীয় কমিশনার (সকল)।
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ ভবন, বানিজ্যিক এলাকা মতিঝিল, ঢাকা।
৮। চেয়ারম্যান, নদী রক্ষা কমিশন, এনএসসি ভবন (লেভেল ১৬), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৯। জেলা প্রশাসক (সকল)।
১০। উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সকল কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। ..............................................।

১০/০৯/২০২৪

মোহাম্মদ মোবাশশেরুল ইসলাম
উপসচিব
(উপদেষ্টার দপ্তরে সংযুক্ত)
পানি সম্পদ মন্ত্রণালয়
ফোন - ৫৫১০০২০১

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.১৯-২৪৭

তারিখ ২৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ

মাননীয় উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০২.৯৯.০০১.২৪.৮২৭; তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ মোতাবেক নদ-নদীর প্রকৃত সংখ্যা নির্ধারণ, নদীকে অবৈধ দখল ও দূষণমুক্তকরণ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নম্বর-৮৫৩৯/২০২১ এর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ভার্চুয়াল সভার কার্যবিবরণী সংক্রান্ত পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাঙ্কন করা হলো:-

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ......................বাপাউবো ......................।
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল)......................বাপাউবো......................।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল) ....................................................বাপাউবো ......................।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি/মাষ্টার কপি।

১২/৯/২৪
(মুঃ নূরুল আমীন)
উপ-পরিচালক (বোর্ড) (অঃদাঃ)
বাপাউবো, ঢাকা